



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন বুরো (বিএমডি)



খনিজ সম্পদ উন্নয়ন বুরো (বিএমডি)-এর ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসাবে
জাতীয় শুল্কার কৌশল কর্মপরিকল্পনার ১.৩ ক্রমিকের আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে
অনুষ্ঠিত সভার কার্যবিবরণী (দ্বিতীয় সভা)

সভাপতি	মোঃ নুরুল্লাহ মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ	২১ নভেম্বর ২০২১
সভার সময়	দুপুর ০২.০০ ঘটিকা
স্থান	বিএমডির সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত শুল্কার/উত্তম চর্চা বিষয়ে আলোকপাত করেন। বড়পুরিরিয়া কোল মাইনিং কোম্পানি লিমিটেড (বিসিএমসিএল)-এর সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। সভাপতি বলেন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে শুল্কার/উত্তমচর্চা অপরিহায়। তাইতো, বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে শুল্কার/উত্তমচর্চা বিষয়ে অংশীজনদের সাথে মতবিনিময় সভা অন্তর্ভুক্ত করা হয়েছে। বিএমডি যেহেতু নাগরিক সেবা প্রদানের সাথে জড়িত সেহেতু নাগরিক সেবাকে আরো অধিকতর সহজ করার জন্য বিএমডি কর্তৃক প্রদত্ত সেবাকে ই-সেবাই বৃপ্তান্তের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২.০ আলোচনা

দেশে প্রাপ্ত খনিজ সম্পদের (তেল ও গ্যাস ব্যতীত) সুষম ব্যবহার ও উন্নোলন কার্যক্রম তদারকি, নিয়ন্ত্রণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য সরকার খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ প্রণয়ন করেছেন। উত্তম চর্চা অংশ হিসেবে খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুসরণ করে খনি কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়নের জন্য বিসিএমসিএল-এর প্রতিনিধিগণকে অনুরোধ জানানো হয়। সভাপতি আরও জানান, সম্প্রতি দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলাধীন আলীহাট এলাকায় লোহ আকরিক অনুসন্ধানের নিমিত্ত প্রতিশনাল অনুসন্ধান লাইসেন্স অনুমোদনের জন্য সরকার কর্তৃক সম্মতি জ্ঞাপন করা হয়েছে। তৎপ্রেক্ষিতে খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুসরণ করে পরবর্তী যাবতীয় কার্যক্রম সম্পাদনের জন্য বিসিএমসিএল প্রতিনিধিগণকে অনুরোধ জানানো হয়। এছাড়া, দেশের সীমিত খনিজ সম্পদ অগচ্য রোধ ও সুষ্ঠু ব্যবহারের বিষয়ে সকলকে অনুরোধ করা হয়। ইজারাগ্রহীতা কর্তৃক ইজারার মেয়াদ উত্তীর্ণের অন্তর্বর্তী মাস পূর্বে নবায়নের আবেদন করার বিধান রয়েছে বলে জানান হয়। যথাসময়ে আবেদন করতে ব্যর্থ হলে বিধিমালাতে জরিমানার বিধান রয়েছে। খনি কার্যক্রম শুরুর পর প্রতি পঞ্জিকা মাসের প্রথম ৭ (সাত) দিনের মধ্যে ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত ফরমে পূর্ববর্তী মাসের উৎপাদন প্রদর্শনপূর্বক একটি উৎপাদন রিপোর্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন। পরিবেশের ক্ষতি হয় বা পরিবেশের ক্ষতির সম্ভাবনা আছে এমন কোনো কার্যক্রম গ্রহণ না করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।


সিদ্ধান্ত

আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

(ক) খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী যথাসময়ে সকল রিপোর্ট, রিপোর্ট, রয়্যালাটি ও বার্ষিক ফি জমাদানের প্রমাণক দাখিল করতে হবে;

(খ) খনিজ সম্পদ সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য সরেজমিন পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ নুরুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)


স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৮.৩৬.০০১.১৩.৮৯০

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৮

০১ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নথি):

- ১) উপসচিব, প্রশাসন-ও অধিশাখা, জালানি ও খনিজ সম্পদ বিভাগ;
- ২) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুরুরিয়া কোল মাইনিং কোম্পানি লিমিটেড (বিসিএমসিএল);
- ৩) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱো (বিএমডি);
- ৪) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱো (বিএমডি);
- ৫) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱো (বিএমডি);
- ৬) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱো (বিএমডি);
- ৭) পি.এ টু মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱো (বিএমডি);
- ৮) অফিস কপি।



মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)